অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/19/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 19-25 এপ্রিলকে নিউ ইয়র্ক স্টেটে ন্যাশনাল ক্রাইম ভিকটিমস রাইটস সপ্তাহ হিসেবে ঘোষণা করে একটি ঘোষণাপত্র জারি করেছেন।

তিনি অপরাধে ক্ষতিগ্রস্ত ব্যক্তি ও কমিউনিটিগুলিকে সম্মান জানাতে, পুরো স্টেটে অতি পুরো গুরুত্বপূর্ণ সমর্থন ও সেবা দেওয়া পেশাদারদের স্বীকৃতি দিতে স্টেটের অনেক ল্যান্ডমার্ক আলোকিত করার নির্দেশ দিয়েছেন

ভিকটিম ও সার্ভাইভারদের জন্য অতি গুরুত্বপূর্ণ আর্থিক সেফটি নেটের অ্যাক্সেস বাড়ানোর নতুন আইন সম্পর্কে সচেতনতা বাড়াতে স্টেট অফ দ্য আর্টস ফেলো নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ ভিকটিম সার্ভিসেসের সাথে যোগ দিয়েছেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে একটি ঘোষণাপত্র জারি করেছেন যেখানে 19 এপ্রিল, রবিবার থেকে 25 এপ্রিল, শনিবার পর্যন্ত সময়কে ন্যাশনাল ক্রাইম ভিকটিমস রাইটস সপ্তাহ (National Crime Victims' Rights Week) হিসেবে ঘোষণা করা হয়েছে, এটি এই সপ্তাহের জন্য ফেডারেল ঘোষণার একই সময়ে হচ্ছে, এই সপ্তাহটি অপরাধে প্রভাবিত ব্যক্তি, পরিবার এবং কমিউনিটিগুলিকে সম্মান জানায় এবং সেই পেশাদারদের স্বীকৃতি দেয় যারা গুরুত্বপূর্ণ সমর্থন ও সেবা দিয়ে তাদের পুনরুদ্ধার ও উন্নতির সুযোগ করে দেন। গভর্নর Hochul (হোকল) এছাড়াও নির্দেশ দিয়েছেন যে পুরো স্টেটের ল্যান্ডমার্কগুলিকে আজ, এপ্রিল 19, রবিবার রাতে এই বছরের ন্যাশনাল ক্রাইম ভিকটিমস সপ্তাহের রঙে আলোকিত করা হবে: ইঙ্কওয়েল নীল, পপি, এবং হার্বার নীল।

"গৃহ নির্যাতনের ভিকটিমদের সাহায্য করতে নিজেকে নিবেদন করা এমন একজন মায়ের গর্বিত সন্তান হিসেবে আমি অপরাধের ভিকটিম ও সার্ভাইভার ব্যক্তিদের প্রয়োজনীয় সমর্থন ও সেবার অ্যাক্সেস নিশ্চিত করার প্রতিশ্রুতিতে অটল রয়েছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "নিউ ইয়র্ক স্টেটে (New York State) ক্রাইম ভিকটিমস রাইটস সপ্তাহ পালন করার সময়, আমি আপনাদেরকে অনুরোধ করছি যে আমার সাথে যোগ দিয়ে সহযোগী হিসেবে দাঁড়ান এবং ভিকটিমদের কথা আরো জোরালো করুন, যাতে তারা জানেন যে তাদের কথা শোনা হচ্ছে, তাদের দেখা হচ্ছে এবং তারা সমর্থিত।"

এই সপ্তাহের সূচনা উপলক্ষে নিচের ল্যান্ডমার্কগুলি আলোকিত করা হবে, সপ্তাহের থিম হলো: শুনুন। ব্যবস্থা নিন। পক্ষে থাকুন। ভিকটিমদের সুরক্ষা, কমিউনিটিকে সমর্থন দিন।

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (1WTC)
- কোসিউস্কো ব্রিজ (Kosciuszko Bridge)
- দ্য এইচ. কার্ল ম্যাককল SUNY ভবন (The H. Carl McCall SUNY Building)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস – মেন গেট ও এক্সপো সেন্টার
- নায়াগ্রা ফলস
- দ্য "ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট" মিড-হাডসন ব্রিজ
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কোয়ার ভায়াডাক্ট
- অ্যালবানি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট গেটওয়ে (Albany International Airport Gateway)
- ইরি ক্যানেলের উপর ফেয়ারপোর্ট লিফট ব্রিজ (Fairport Lift Bridge over the Erie Canal)
- ময়নিহ্যান ট্রেন হল
- রুজভেল্ট আইল্যান্ড লাইটহাউস (Roosevelt Island Lighthouse)

নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ ভিকটিম সার্ভিসেসের (Office of Victim Services, OVS) ডিরেক্টর Bea Hanson (বিয়া হ্যানসন) বলেন, "অপরাধের ভিকটিম এবং সার্ভাইভারদের কাছে যাতে সেড়ে উঠতে, সুস্থ হতে এবং উন্নতির জন্য প্রয়োজনীয় রিসোর্স থাকে তা নিশ্চিত করতে আমরা, OVS-এর কর্মীরা, প্রতিদিন যে কাজটি করি তা নিয়ে গর্বিত। আমরা এছাড়াও পুরো স্টেটের 250টির বেশি ভিকটিম অ্যাসিস্টেন্স প্রোগ্রামের (victim assistance programs) সাথে, এবং অপরাধে প্রভাবিত মানুষের প্রয়োজন পূরণ করতে প্রতিদিন গুরুত্বপূর্ণ কাজ করা পেশাদারদের সাথে পার্টনারশিপ করি। অপরাধের ভিকটিম ও সার্ভাইভারদের প্রতি গভর্নর Hochul-এর (হোকল) অবিচল সমর্থনের জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি এবং সার্ভাইভারদের জন্য জীবন বদলে দেওয়ার মতো যে সেবা আছে সে সম্পর্কে সচেতনতা বাড়াতে এবং অপরাধের ভিকটিমদের পাশে থাকার ক্ষেত্রে আমাদের সাথে যোগ দেওয়ার জন্য আমি সকল নিউ ইয়র্কবাসীকে অনুরোধ করছি।"

নিউ ইয়র্ক স্টেট অপরাধের ভিকটিমদের অধিকার সুরক্ষা এবং সেবা ও সমর্থনের অ্যাক্সেস নিশ্চিত করার ক্ষেত্রে একটি অগ্রণী ভূমিকা পালন করছে। প্রায় 60 বছর আগে, স্টেটটি দেশের প্রথম ক্ষতিপূরণ প্রোগ্রামগুলির একটি প্রতিষ্ঠা করে, যাতে ভিকটিম এবং/অথবা তাদের পরিবার অপরাধের কারণে আর্থিক কষ্টের মুখে না পড়ে। সময়ের সাথে সাথে ভিকটিম ও সার্ভাইভারদের সমর্থনকারী স্টেট আইনগুলি সময়ের সাথে নতুন তৈরি হতে থাকা প্রয়োজনের সাথে তাল মিলিয়ে বদলানো হয়েছে, যার সবথেকে গুরুত্বপূর্ণ পরিবর্তন করা হয় গত বছরের শেষ দিকে, Fair Access to Victims Compensation Act পাশ করার মাধ্যমে।

Fair Access আইন ব্যক্তিদের আইন শৃঙ্খলা রক্ষাকারীদের কাছে অপরাধ রিপোর্ট করার প্রয়োজনীয়তা দূর করেছে। এর বদলে, অফিস অফ ভিকটিম সার্ভিসেস এখন একজন ভিকটিম সেবাদানকারী, মানসিক স্বাস্থ্যের সেবাদানকারী, বা মেডিকেল সেবাদানকারী থেকে ডকুমেন্টেশন গ্রহণ করবে যেখানে সার্টিফাই করা হবে যে ব্যক্তি অপরাধের ভিকটিম। আইনটি, যা এছাড়াও ক্ষতিপূরণের দাবি দায়ের করার সময় বাড়িয়ে দেয়, তা স্বীকার করে যে নিজেদের বা নিজেদের

পরিবারের আরো ক্ষতি হবে এমন ভয় থেকে, পুলিশের সাথে আগের অভিজ্ঞতা তেকে, বা তাদের ইমিগ্রেশন অবস্থার কারণে অপরাধের বিচার ব্যবস্থার সাথে জড়িয়ে পড়তে চায়নি।

নিউ ইয়র্কের প্রথম তিনজন স্টেট অফ দ্য আর্টস (State of the Arts) ফেলোদের একজন, ইন্টারডিসিপ্লিনারি আর্টিস্ট sTo Len (স্টো লেন), গত মাসে OVS-এ যোগ দিয়েছেন এবং তিনি তার দক্ষতা ব্যবহার করে গতানুগতিকভাবে অবহেলিত জনগোষ্ঠীর মধ্যে ক্ষতিপূরণের বর্ধিত অ্যাক্সেস সম্পর্কে সচেতনতা বাড়াবেন। OVS এমন ব্যক্তিদের জন্য একটি আর্থিক সেফটি নেট দেয় যাদেরকে অপরাধ সম্পর্কিত খরচ নিজের পকেট থেকে করতে হচ্ছে কিন্তু এটি পরিশোধ করার অন্য কোনো উপায় নেই।

গত বছর, OVS ভিকটিম এবং তাদের পরিবারকে মেডিকেল বিল, কাউন্সেলিং, এবং থাকার জায়গা বদল করার খরচসহ অন্যান্য অপরাধ সম্পর্কিত খরচের জন্য 19.3 মিলিয়ন মার্কিন ডলারের বেশি দেয়। নিউ ইয়র্ক হলো দেশের একমাত্র স্টেট যেখানে মেডিকেল এবং কাউন্সেলিং খরচের জন্য কোনো সর্বোচ্চ সীমা নেই, এটি নিশ্চিত করে যাতে যোগ্য ব্যক্তিরা যতদিন প্রয়োজন সাহায্য পেতে পারেন। স্টেট বা ফেডারেল আদালতে দোষী প্রমাণ হওয়া নির্দিষ্ট কিছু ব্যক্তির পরিশোধ করা জরিমানা, ফি এবং সারচার্জ দিয়ে অপরাধ সম্পর্কিত খরচের সকল ক্ষতিপূরণ ও পেমেন্ট করা হয়, ফেডারেল বা স্টেটের ট্যাক্সের মার্কিন ডলার দিয়ে নয়।

নিউ ইয়র্ক স্টেটের ক্রিমিনাল জাস্টিস সার্ভিস ডিভিশনের (Division of Criminal Justice Services, DCJS) কমিশনার Rossana Rosado (রোসানা রোসাডো) বলেন, "ক্রাইম ভিকটিমস রাইটস সপ্তাহে, অপরাধের ভিকটিম ও সার্ভাইভারদের পাশে দাঁড়াতে গভর্নর Hochul (হোকল) এবং আমাদের পার্টনার এজেন্সিগুলির সাথে যোগ দিতে পেরে আমি সম্মানিত বোধ করছি। অপরাধের ভিকটিম ও সার্ভাইভারদের প্রতি সংবেদনশীলভাবে সাড়া দিতে আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী সদস্যরা যাতে প্রয়োজনীয় ট্রেনিং ও সরঞ্জাম পান, এবং মানব পাচার, অন্তরঙ্গ সঙ্গীর সহিংসতা ও বন্দুক সহিংসতা থেকে বের হওয়ার রিসোর্স সহ ভিকটিম সেবার হটলাইন ও সমর্থনের রেফারেল থাকা নিশ্চিত করতে সাহায্য করার জন্য DCJS পর্দার আড়ালে কঠোর পরিশ্রম করে।"

নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর দ্য প্রিভেনশন অফ ডোমেস্টিক ভায়োলেন্সের (Office for the Prevention of Domestic Violence, OPDV) এক্সিকিউটিভ ডিরেক্টর Kelli Nicholas Owens (কেলি নিকোলাস ওয়েনস) বলেন, "ন্যাশনাল ক্রাইম ভিকটিমস সপ্তাহ চলাকালে, OPDV সকল সার্ভাইভারদের শক্তি, দৃঢ়তা, এবং সাহসকে সম্মান জানাচ্ছে। প্রত্যেক ভিকটিম ও সার্ভাইভারের অধিকার আছে যাতে তাদের কথা শোনা হয়, বিশ্বাস করা হয় এবং সমর্থন দেওয়া হয়। ভিকটিমদের অধিকার রক্ষা করতে এবং সার্ভাইভারদের কথা যাতে আমাদের প্রতিদিনের চেষ্টাকে দিকনির্দেশনা দেয় তা নিশ্চিত করতে আমাদের স্টেট এজেন্সি এবং কমিউনিটির পার্টনারদের সাথে কাজ করতে OPDV প্রতিশ্রুতিবদ্ধ।"

গত ছয় মাসে OVS-এর কার্যক্রমে প্রভাব ফেলে এমন আরো কয়েকটি গুরুত্বপূর্ণ স্টেট আইন সংশোধন কার্যকর হয়েছে। পরিবর্তনের মধ্যে আছে:

- ফিউনারেল এবং কবর দেওয়ার খরচের সর্বোচ্চ সীমাকে 6,000 মার্কিন ডলার থেকে দ্বিগুণ করে 12,000 মার্কিন ডলার করা হয়েছে, এবং খুনের ক্ষেত্রে কন্ট্রিবিউটরি কন্ডাক্ট বাদ দেওয়া হয়েছে। এই পরিবর্তন স্বীকার করে যে সে ব্যক্তি সহিংস, হঠাৎ ঘটনায় কাউকে হারিয়ে ফেলেন, তার শোক পালনের সময় আর্থিক সমস্যা বা সমর্থনের অভাব হওয়া উচিত না। এর আগে, স্টেটের আইন অফিস অফ ভিকটিম সার্ভিসেসকে ফিউনারেল এবং কবর দেওয়ার খরচের এবং অন্যান্য অপরাধ সম্পর্কিত খরচের ক্ষতিপূরণ 50 শতাংশ পর্যন্ত কম করতে দিতো যদি এজেন্সি নির্ণয় করতে পারতো যে ব্যক্তির করা কোনো কাজ তাদের মৃত্যুর কারণের মধ্যে আছে।

- অপরাধের স্থান পরিষ্কার করতে নিজের পকেট থেকে অর্থ দিয়েছেন এমন সবাইকে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে (2,500 মার্কিন ডলার পর্যন্ত)। এর আগে, একজন ব্যক্তি শুধু তখনই ক্ষতিপূরণ পেতে পারতেন যদি তিনি অপরাধ হওয়ার স্থানে বাস করতেন।

- আর্থিক প্রতারণার ভিকটিমদের জন্য সমর্থন বাড়ানো হয়েছে। 18 বছরের কম, 60 বছরের বেশি, এবং/অথবা ডিজেবিলিটি সহ, শারীরিকভাবে আহত বা অন্য কোনো যোগ্যতার মাত্রায় পড়েন এমন ব্যক্তিরা এখন আর্থিক প্রতারণার ভিকটিম হলে 2,500 মার্কিন ডলার পর্যন্ত পেতে পারবেন। ক্ষতিপূরণের সর্বোচ্চ সীমা ছিলো 100 মার্কিন ডলার।

- যৌন হামলার সার্ভাইভারদের জন্য সুরক্ষা ও সেবা বাড়ানো হয়েছে। HIV প্রোফাইল্যাক্সিস ওষুধের খরচ এখন সকল যৌন হামলার সার্ভাইভারদের দেওয়া হচ্ছে, শুধু 18 বছর কম বয়সের মানুষকে না।

- যেসব মেডিকেল সেবাদানকারীদের স্টাফ ফরেনসিক পরীক্ষা করেন তাদের জন্য ক্ষতিপূরণের হার বাড়ানো হয়েছে এবং সুবিধাবঞ্চিত এলাকায় ভার্চুয়াল ফরেনসিক পরীক্ষার সেবা নিশ্চিত করা হয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ ভিকটিম সার্ভিসেস এছাড়াও 250টির বেশি ভিকটিম অ্যাসিস্টেন্স প্রোগ্রামকে তহবিল ও সমর্থন দেয় যারা অপরাধের ভিকটিম এবং সার্ভাইভারদের বিনামূল্যে এবং কনফিডেন্সিয়াল সেবা দিয়ে থাকে, যার মধ্যে আছে সঙ্কটের কাউন্সেলিং, সাপোর্ট গ্রুপ, সিভিল আইনি সেবা, থাকার জায়গা বদলানোর সেবা, কেস ব্যবস্থাপনা এবং অন্যান্য সাহায্য। একটি http://www.ovs.ny.gov/connect ভিকটিম অ্যাসিস্টেন্স প্রোগ্রাম খুঁজতে ভিজিট করুন বা 24/7 খোলা থাকা নিউ ইয়র্কের ডোমেস্টিক এবং সেক্সুয়াল ভায়োলেন্স হটলাইন (Domestic and Sexual Violence Hotline) অ্যাক্সেস করতে: ফোন করুন: 800-942-6906; টেক্সট করুন: 844-997-2121; এবং চ্যাট করুন: opdv.ny.gov।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন